দৈনিক ইত্তেফাক

তারিখ 09 OCT 1992
পৃষ্ঠা ৮ কলাম ১

95

# সরকার ছাত্র সমাজের ১০ দফার সহিত বিশ্বাসঘাতকতা করিয়াছেন

.........................................শেখ হাসিনা

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলজির (নারায়ণগঞ্জ) এক ছাত্র প্রতিনিধিদল গতকাল আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার সহিত সাক্ষাৎ করিয়া তাহাদের ৫ দফা দাবী সম্পর্কে অবহিত করেন। শেখ হাসিনা মেরিন ছাত্রদের ন্যায়সঙ্গত দাবীসমূহ মানিয়া নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। শেখ হাসিনা বলেন, বিগত স্বৈরাচার বিরোধী আন্দোলনে ছাত্রসমাজ বীরোচিত ভূমিকা পালন করিয়াছে। বুকের রক্ত দিয়া স্বৈরাচার উৎখাত করিয়াছে, কিন্তু ছাত্র সমাজের রক্তস্নাত ১০ দফা দাবী আজও পূরণ হয় নাই। ক্ষমতাসীনরা ১০ দফার সহিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

ছাত্র প্রতিনিধি দলে ছিলেন মেরিন টেকনোলজি ছাত্র সংসদের ভিপি আবু আহাদ, সহ-সাধারণ সম্পাদক ফিরোজুর রহমান প্রমুখ।